

১৩/০১/২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য ভবন ও মাঠপর্যায়ের বিভিন্ন স্থাপনার সম্মুখে ডিজিটাল বিলবোর্ড স্থাপন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আবদুল আজিজ মোল্লা, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) খাদ্য অধিদপ্তর।
সভার স্থান : ২য় তলা সভা কক্ষ।
তারিখ ও সময় : ১৩/০১/২০২০ বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। কমিটির সদস্য সচিব সরকারি ভ্রমণে বিদেশে অবস্থান করায় খাদ্য পরিদর্শক জনাব মোঃ লিয়াকত আলীকে আলোচ্য সূচি সভায় পেশ করার আহ্বান জানান। জনাব লিয়াকত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে এটুআই এর নির্ধারিত প্রতিনিধির প্রস্থিতকৃত বিলবোর্ডের প্রজেক্টেশন সভায় পেশ করেন। এছাড়া তিনি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রশাসন বিভাগের ২৯/১২/২০১৯ তারিখের ১০৯৫ নং ইউ.ও নোট মূলে পরিচালক হিসাব ও অর্থ বিভাগকে লেখা পত্রের আলোকে খাদ্য অধিদপ্তর ও মাঠ পর্যায়ের বিভিন্ন স্থাপনার ডিজিটাল বিলবোর্ডের সাইজ ও সম্ভাব্য ব্যয়ের একটি তালিকা সভায় পেশ করেন যা নিম্নের সারণিতে তুলে ধরা হলোঃ

সারণি-০১

ক্রমিক নং	স্থাপনার নাম	ডিজিটাল বিলবোর্ড/স্টিল বিলবোর্ড সাইজ	সম্ভাব্য ব্যয়	মন্তব্য
১	খাদ্য অধিদপ্তর, ঢাকা	৯ ফুট ১১ ইঞ্চি x ৬ ফুট ১১ ইঞ্চি	৫,৫৯,০০০/-	
২	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর/সরকারি আধুনিক ময়দা মিল/সাইলো অধীক্ষকের কার্যালয় মোট-১৩টি	৮ ফুট x ৫ ফুট	৫,৪৬,০০০০/-	প্রতিটি ৪ লাখ ২০ হাজার টাকা।
৩	জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর মোট- ৬১টি	৬ ফুট x ৪ ফুট	১,৮৩,০০,০০০/-	প্রতিটি ৩ লাখ টাকা।
৪	সিএসডি কার্যালয়/ সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয়/ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয় মোট-৬৪৭টি	Still Billboard ৮ ফুট x ৫ ফুট	১,৬১,৭৫,০০০/-	প্রতিটি- ২৫ হাজার টাকা।

খাদ্য অধিদপ্তর ও মাঠ পর্যায়ের ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শিতব্য ডকুমেন্টারী ভিডিও, স্লোগান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উক্তি, ছবি, ভাষণ এবং মাননীয় প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত প্রজেক্টেশনটি পূর্ণাঙ্গ প্রতীয়মান না হওয়ায় আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে একটি পূর্ণাঙ্গ তথ্যসম্বলিত ডিজিটাল বিলবোর্ডের Demo খাদ্য অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট এর নিকট দাখিল করার জন্য সভা একমত হয়।

বিস্তারিত আলোচনা, পর্যালোচনা ও ভিডিও প্রজেক্টেশন দেখার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) ২০/০১/২০২০ তারিখের মধ্যে ভিডিও এর পূর্ণাঙ্গ প্রজেক্টেশন খাদ্য অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট এর নিকট জমা দিতে হবে;

(খ) কমিটির পরবর্তী সভায় উক্ত প্রজেক্টেশন অবলোকন করে তা চূড়ান্ত করা হবে;

(গ) খাদ্য অধিদপ্তরসহ মাঠপর্যায়ের দপ্তরসমূহের ডিজিটাল বিলবোর্ড ও স্টিল বিলবোর্ডের গুণগতমান যাতে একই ধরণের হয় সে বিষয়ে প্রশাসন বিভাগ থেকে নির্দেশনা ও ব্যয় নির্বাহের প্রশাসনিক মঞ্জুরি প্রদান করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ও

আহবায়ক

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন কমিটি
তারিখঃ /০১/২০২০খ্রি.

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩২.২৩.৭০৮.২০১৮-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক (সকল)....., খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

৫। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

৬। সাইলো অধীক্ষক (সকল).....


৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।

৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....| অধীনস্থ দপ্তরসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ কর হলো।

৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য) খুলনা/চট্টগ্রাম।

১০। ব্যবস্থাপক (সকল) সিএসডি

১১। অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ও

আহবায়ক



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন কমিটি